

## কেস স্টাডি

নিচে দেওয়া অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও:

দেওয়ালী বা দীপাবলি একটি সর্বভারতীয় উৎসব। সারা ভারতবর্ষে বেশ জাঁকজমকের সঙ্গে এটি পালন করা হয়। পশ্চিমবাংলায় এ সময় হয় কালীপূজা। বাঙালিরা সম্পদ ও সাফল্যের দেবী লক্ষ্মীকে স্মরণ করে দেওয়ালি পালন করেন। দুর্গাপূজোর পর এই দেওয়ালী উৎসব পালিত হয় রামায়ণে বর্ণিত আখ্যানে আছে শ্রীরামচন্দ্র যখন রাবণ বধ করে লক্ষ্মা থেকে সীতাকে উদ্ধার করে অযোধ্যা ফিরে আসেন তখন অযোধ্যা নগরীকে আলোর মালায় সাজানো হয়েছিল, প্রজারা সারারাত ধরে আনন্দ করেছিল। সেই ঘটনা স্মরণ করেই দেওয়ালি উৎসব পালিত হয়ে আসছে। দেওয়ালির সন্ধ্যায় ঘরে ঘরে প্রদীপ ও মোমবাতির আলো জ্বলে ওঠে। শহর সাজে রঙিন আলোর মালায়। সন্ধ্যা থেকেই শুরু হয় আতশবাজি পোড়ানো। দেওয়ালির উজ্জ্বল আলো দূরে সরিয়ে দেয় ঘন অন্ধকারকে।

### প্রশ্নমালা

- ১। কালীপূজা কোন তিথিতে পালন করা হয়?
- ২। সংস্কৃত ভাষায় রামায়ণ কে রচনা করেন?
- ৩। বিদ্যার দেবীর বাহন কে?
- ৪। সাধারণত কালীপূজা বাংলার কোন মাসে পালন করা হয়ে থাকে?
- ৫। বর্তমানে দেওয়ালি কে কেন্দ্র করে শহরে কোন উৎসবের প্রচলন রয়েছে?